**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.১৯-৮০৭

তারিখঃ ১২ আশ্বিন' ১৪২৭
২৭ সেপ্টেম্বর' ২০২০

বিষয় ঃ **উত্তম চর্চা (Best Practices) তালিকা হালনাগাদকরণ সম্পর্কে তথ্য প্রেরণ।**

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ এর প্রশাসন-১ শাখার পত্র নং-৫৮.০০.০০০০.০১২.১৪.০০২.১৮- ৫৯৭ তারিখঃ ১৭-০৯-২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারা বিভাগের **"উত্তম চর্চা (Best Practices)"** হালনাগাদ তথ্যাদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসংগে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

২৭/০৯/২০২০

এ কে এম মোস্তফা কামাল পাশা
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃঃ আঃ- ১) অতিরিক্ত সচিব (কারা)
২) উপ সচিব (প্রশাসন-১)

# কারা বিভাগের Best Practices

| নং | বিষয়বস্তু | বিস্তারিত | কবে থেকে চালুকৃত | কার উদ্যোগে চালুকৃত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মাদকাসক্ত বন্দিদের জন্য পৃথক ওয়ার্ড | কারাগারে মাদকসক্ত বন্দিদের জন্য পৃথকভাবে দেশের ৬০ টি কারগারে মাদকাসক্তি নিরাময় ইউনিট চালু রয়েছে এবং অবশিষ্ট ৮ টি কারাগারে কারগারে মাদকাসক্তি নিরাময় ইউনিট চালু করার কার্যক্রম চলমান রয়েছে। | ২০১২ সাল থেকে শুরু হয়ে অদ্যাবধি চলমান | কারা মহাপরিদর্শক | |
| ২. | ওয়ানস্টপ সার্ভিস সেন্টার | বন্দির আত্মীয়-স্বজন ও সেবাপ্রার্থীদের সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালুর উদ্যোগ নেয়া হয়। উক্ত সার্ভিস সেন্টারে বন্দিদের সাথে সাক্ষাতের স্লিপ সংগ্রহ, পিসিতে টাকা জমা, ওকালতনামা জমা ও গ্রহণ, বন্দিদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন পোশাক) জমা, জামিন ও খালাস সম্পর্কিত তথ্য, মোবাইল ফোন ও ব্যাগ জমা, বন্দি সম্পর্কিত বৈধ তথ্য আনুসন্ধান, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি সকল সেবা প্রদান করা হবে। | ২০১৯ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | কাশিমপুর, গাজিপুর, টাঙ্গাইল, নারায়নগঞ্জ ও নরসিংদী কেন্দ্রীয়/জেলা কারাগারে চালু করা হয়েছে। |
| ৩. | টেলিফোনে কথা বলা | বন্দিদের সাথে তাদের আত্মীয় স্বজনের যোগাযোগ সহজতর হচ্ছে। | ২০১৮ সালে পাইলট প্রকল্প চালু হয়। করোনা মহামারিতে বন্দিদের দেখা সাক্ষাত বন্ধ থাকায় সকল কারাগারে চলমান | মাননীয় প্রধানমন্ত্রী | |
| ৪. | বিকশের মাধ্যমে পিসিতে টাকা প্রেরণ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কারাগারে না এসে সুবিধাজনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হবে। | ১৯ এপ্রিল ২০২০ সাল থেকে | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | |
| ৫. | বিদ্যুৎ এর ডাবল ফেইজ লাইন | দেশের প্রতিটি কারাগারে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ স্থাপনের লক্ষ্যে বর্তমানে ৩৪ টি ডাবল ফেইজ লাইন বিদ্যুৎ সংযোগ রয়েছে, ১৩ টি কারাগারে কার্যক্রম চলমান ও ২১ টি কারাগারে ডাবল ফেইজ বিদ্যুৎ সংযোজনের কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। | ২০০৭ সাল থেকে বর্তমানে চলমান | কারা মহাপরিদর্শক | |
| ৬. | ডাটাবেইজ প্রস্তুত করণ | বন্দিদের তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং একাধিক বার কারাগারে প্রবেশকারী বন্দিদের সহজেই সনাক্ত করা ও বন্দি মুক্তি প্রদান-প্রক্রিয়া সহজতর হবে। | প্রক্রিয়াধীন | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও কারা অধিদপ্তর | |
| ৭. | কয়েদিদের ৫০% লভ্যাংশ | কারাগারে আটক কয়েদি বন্দিদের শ্রমে উৎপাদিত পণ্য সামগ্রীর বিক্রয়লব্ধ অর্থ হতে ৫০% লভ্যাংশ সংশ্লিষ্ট কয়েদি বন্দিদেরকে পারিশ্রমিক হিসারব প্রদান করা হচ্ছে। এ যাবৎ মোট ২২৪৮৮ জন কয়েদি বন্দিদেরকে ৬৪৫০৮১৯ টাকা প্রদান করা হয়েছে। বর্তমানে ২৭ টি কেন্দ্রীয় /জেলা কারাগারে সংশ্লিষ্ট কয়েদি বন্দিদের পারিশ্রমিক প্রদান করা হচ্ছে। অন্যান্য কারাগারে উৎপাদন সম্প্রসারণ কার্যক্রম চলমান রয়েছে। | ২০১৮ সাল থেকে | মাননীয় প্রধানমন্ত্রী | |
| ৮. | মেডিটেশন চালুকরণ | মেডিটেশনের মাধ্যমে বন্দিদের সুশৃঙ্খল হওয়া, আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তাকরণ। | ২০০৭ সাল থেকে | কারা মহাপরিদর্শক | |
| ৯. | বন্দি দরবার | প্রতিমাসে একবার বন্দিদের অভিযোগ/মতামত শোনার জন্য কারাবন্দিদের উপস্থিতিতে দরবার এর আয়োজন করা। | ২০০৭ সাল থেকে | কারা মহাপরিদর্শক | |
| ১০. | সুপেয় পানির ব্যবস্থাকরণ | বন্দিদের জন্য সুপেয় ঠান্ডা পানি সরবরাহের উদ্দেশ্যে কিছু কারাগারে ওয়াটারকুলার স্থাপন করা হয়েছে। | ২০১৭ সাল থেকে | কারা মহাপরিদর্শক | |
| ১১. | অভিযোগ/অনুযোগ শ্রবণ | সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার কারা মহাপরিদর্শক এর সাথে সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীর অভিযোগ/অনুযোগ শ্রবণ ও সমাধানে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ। | ২০১৪ সাল থেকে | কারা মহাপরিদর্শক | উল্লেখযোগ্য সাড়া রয়েছে |
| ১২. | বিশুদ্ধ খাবার পানি | কারা কর্মকর্তা ও কর্মচারীদের সুবিধার্থে অধিদপ্তর ভবনের প্রতি তলায় পানির ফিল্টার স্থাপন। | ২০১৪ সাল থেকে | কারা মহাপরিদর্শক | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩. | আবাসন প্রকল্প | কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৩কাঠা ও ৫ কাঠা বিশিষ্ট প্লটের আবাসন প্রকল্প চালুকরণ। | ২০১৫ সাল থেকে | কারা মহাপরিদর্শক | |
| ১৪. | নিরাপত্তা ব্যবস্থা আধুনিকীকরণ | নিরাপত্তা নিশ্চিত কল্পে কারা অধিদপ্তরে Turned Style Access Control গেট স্থাপন। | ২০১৭ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ১৫. | ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | কারা কর্মকর্তা-কর্মচারী ও বন্দিদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরের ভিতরে খেলাধুলার আয়োজন এবং জাতীয় পর্যায়ে অংশ গ্রহণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ১৬. | শরীর চর্চার আয়োজন | বন্দিদের শারীরিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে শরীর চর্চার আয়োজন । | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ১৭. | সাংস্কৃতিক কর্মকান্ডের আয়োজন | বন্দিদের মানসিক বিষন্নতা দূরীকরণের জন্য কারাভ্যন্তরে বিনোদন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ১৮. | মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং | বন্দিদের মাঝে মাদক বিরোধী প্রচারণা পরিচালনাসহ মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ১৯. | কারা পাঠাগার স্থাপন। | বন্দিদের পড়াশোনা, মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে পাঠাগার স্থাপন। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২০. | ডাস্টবিন স্থাপন | কারাভ্যন্তরে পরিস্কার-পরিচ্ছন্নতা রক্ষার সুবিধার্থে ডাস্টবিন স্থাপন । | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২১. | মৌলিক ও ধর্মীয় শিক্ষা প্রদান | কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের মৌলিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২২. | নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদান | কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদান। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২৩. | ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা | কারাভ্যন্তরে মায়ের সাথে থাকা শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা। | ২০১৪ সাল থেকে | কারা মহাপরিদর্শক | |
| ২৪. | সেলাই প্রশিক্ষণ | মহিলা বন্দিদের জন্য সেলাই প্রশিক্ষণ ব্যবস্থাকরণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২৫. | ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ | পুরুষ বন্দিদের ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২৬. | সাক্ষাত কক্ষে ফ্যানের ব্যবস্থা | বন্দিদের সাথে আত্মীয়-স্বজনের সাক্ষাতকক্ষে পর্যাপ্ত বসার স্থান এবং ফ্যানের ব্যবস্থাকরণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২৭. | বন্দিদের আইন সহায়তা প্রদান | দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল বন্দিদের আইন সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২৮. | দর্শনার্থীদের জন্য টয়লেটের ব্যবস্থাকরণ | বন্দিদের সাথে সাক্ষাতপ্রার্থী আত্মীয়-স্বজনের জন্য টয়লেটের ব্যবস্থাকরণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ২৯. | কারারক্ষীদের জন্য ক্রীড়া সামগ্রী প্রদান | কারারক্ষীদের জন্য বিভিন্নরকম ক্রীড়া সামগ্রী প্রদানের ব্যবস্থাকরণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |
| ৩০. | তথ্য ও সেবাকেন্দ্র চালুকরণ | সেবা গ্রহণের সুবিধার্থে তথ্য ও সেবাকেন্দ্র চালু করণ। | ২০১৪ সাল থেকে | সিনিয়র জেল সুপার/জেল সুপার | |


এ কে এম মোস্তফা কামাল পাশা

ব্রিগেডিয়ার জেনারেল

কারা মহাপরিদর্শক

বাংলাদেশ, ঢাকা।

ig@prison.gov.bd